দৈনিক সংবাদ

তারিখ ... 16 MAY 1990 ...
পৃষ্ঠা ... কলাম ...

ডিগ্রী পরীক্ষা কেন্দ্রে ছাত্র-পুলিশ সংঘর্ষ

# আহত ১০ ॥ গ্রেফতার ৮

# অধ্যক্ষের অপসারণ দাবী

(নিজস্ব বার্তা পরিবেশক)

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত চলতি ডিগ্রী পরীক্ষার চতুর্থদিনে নকলের সুযোগ চেয়ে বগুড়ার সরকারী শাহ সুলতান কলেজের ছাত্ররা অধ্যক্ষের অপসারণ দাবী করেছে এবং দিনাজপুর আদর্শ কলেজে পরীক্ষার্থী ও পুলিশের মধ্যে সংঘর্ষে ১ জন সাংবাদিকসহ ১০ জন পরীক্ষার্থী আহত হয়েছে।

পরীক্ষার্থীরা ঘটনার প্রতিবাদে গতকালকের রাষ্ট্রবিজ্ঞান ও একাউন্টেন্সী পরীক্ষা বর্জন করেছে।

দিনাজপুর থেকে নিজস্ব সংবাদদাতা জানানঃ দুপুর ১২টার দিকে স্থানীয় একটি দৈনিকের (প্রতিদিন) একজন সাংবাদিক মোরশেদুর রহমান তার পেশাগত দায়িত্ব পালনের উদ্দেশ্যে আদর্শ কলেজ প্রাঙ্গনে এসে পৌছুলে কর্তব্যরত একজন পুলিশ তাকে চ্যালেঞ্জ করে। সে তার পরিচয় দেয়া সত্ত্বেও পুলিশ রাইফেলের বাট দিয়ে তাকে মারধর শুরু করে। মোরশেদ এক পর্যায়ে কর্তব্যরত একজন পুলিশ কর্মকর্তাকে

( শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ )

## অধ্যক্ষের অপসারণ দাবী

( ১ম পাতার পর )

জড়িয়ে ধরা সত্ত্বেও পুলিশ তাকে মারধর করতে থাকে। এতে উক্ত পুলিশ কর্মকর্তাও আহত হন। এ সময় পরীক্ষার্থীরা হল থেকে বেরিয়ে এসে পুলিশের ওপর ইট পাটকেল নিক্ষেপ করে।

পুলিশ এ সময় ৭ রাউন্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। পরীক্ষার্থীরা পরীক্ষা বর্জন করে হল ত্যাগ করে।

বগুড়া থেকে নিজস্ব সংবাদদাতা জানানঃ একদল বহিস্কৃত ছাত্র ও কিছু পরীক্ষার্থী বগুড়ার সরকারী শাহ সুলতান কলেজে নকলের পরিবেশ সৃষ্টিতে ব্যর্থ অধ্যক্ষ ও উপাধ্যক্ষের অপসারণের দাবীতে দেশী অস্ত্রে সজ্জিত হয়ে কলেজ অফিসে ইটপাটকেল নিক্ষেপ ও শিক্ষকদের সাথে দুর্ব্যবহার করে। পুলিশ ঘটনার সাথে জড়িত সন্দেহে ২ জনকে গ্রেফতার করেছে। শেষ খবর পাওয়া পর্যন্ত কয়েকটি কেন্দ্র থেকে মোট ৪১ জনকে বহিস্কার করা হয়েছে।

আমাদের সংবাদদাতা জানানঃ গত তিনদিনের পরীক্ষায় বহিস্কৃত কিছু ছাত্রের নেতৃত্বে একদল পরীক্ষার্থী বেলা ২টার দিকে পরীক্ষাশেষে কলেজ বাসে শিক্ষকরা বাড়ী ফেরার পথে তাদের আক্রমণ করে।

পরে শিক্ষকরা কলেজ অফিসে চলে এলে ঐ সব ছাত্র কলেজ অফিস ঘেরাও করে ইটপাটকেল নিক্ষেপ ও টেলিফোন বিকল করে দেয়। এ সময় তারা খাতা ছিনতাইয়ের চেষ্টা করে বলেও অভিযোগ পাওয়া গেছে।

অধ্যক্ষ আজ বুধবার থেকে তার পরীক্ষায় দায়িত্ব পালনের অপারগতা জানিয়ে জেলা প্রশাসকের কাছে আবেদন করেছেন। গতকালের পরীক্ষায় নকলের দায়ে ৪টি কেন্দ্রের ৭ জনকে বহিস্কার করা হয়েছে।

চাঁপাইনবাবগঞ্জে ৩টি কেন্দ্র থেকে ৩৪ জন পরীক্ষার্থীকে বহিস্কার করা হয়েছে। এ ছাড়াও গতকালের গাড়ী ভাঙচুর ও পরীক্ষা স্থগিত হওয়ার ঘটনার জের হিসেবে পুলিশ চাঁপাইনবাবগঞ্জ সরকারী কলেজ কেন্দ্র থেকে ৬ জনকে গ্রেফতার করেছে।

গ্রেফতারকৃতরা হলো তপু, লিটন, কাজল, সাকিল, টিয়া ও একজনের পরিচয় জানা যায়নি। কড়া পুলিশ ও বিডিআর প্রহরায় গতকাল এই কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয় বলে খবরে প্রকাশ।